Bengali | বাংলা

# 2025 সনের জন্য প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা হচ্ছে



স্কুল জীবন শুরু করার সময়টি প্রতিটি শিশু, পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য একটি উত্তেজনাপূর্ণ সময়। ভর্তি প্রক্রিয়াকে যতটা সম্ভব সহজ করার মাধ্যমে আমরা আপনাকে সাহায্য করতে চাই।

ভিক্টোরিয়াতে, *শিক্ষা ও প্রশিক্ষণ সংস্কার আইন 2006* এর অধীনে, আপনার সন্তানের, তাদের মনোনীত স্থানীয় স্কুলে (আপনার 'স্থানীয় স্কুলে') পড়ার অধিকার রয়েছে।

আপনি এমন একটি স্কুলেও ভর্তির জন্য আবেদন করতে পারেন যা আপনার স্থানীয় স্কুল নয়। স্কুল আপনার আবেদনটিকে প্লেসমেন্ট নীতিমালার আলোকে বিবেচনা করবে। প্লেসমেন্ট নীতিমালা সম্পর্কে আরও তথ্যের জন্য, স্কুলে ভর্তি পৃষ্ঠাতে যান।

## ফাউন্ডেশন (প্রেপ) এর জন্য রাজ্যব্যাপী নতুন সময় নির্দেশিকা

প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরকে বলা হয় ফাউন্ডেশন বা প্রেপ। আমরা সমস্ত ভিক্টোরিয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ভিত্তির তালিকাভুক্তির সময়রেখা প্রকাশ করেছি (পৃষ্ঠা 3 দেখুন)। এই সময় নির্দেশিকার লক্ষ্য হলো, 2025 সালে স্কুল বছরে কখন এবং কীভাবে আপনার সন্তানকে ফাউন্ডেশনে ভর্তি করাবেন তা বুঝতে সহায়তা করা।

## কখন আমার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরে ভর্তি করানো উচিত?

যে বছর তারা স্কুল শুরু করবে সেই বছরের 30 এপ্রিলের মধ্যে আপনার সন্তানের বয়স 5 বছর হতে হবে।

যেসব শিশুদের বয়স 6 হয়ে গেছে তাদের জন্য স্কুলে অধ্যয়ন শুরু করা বাধ্যতামূলক।

আপনার সন্তানকে 2025 স্কুল বছরের জন্য একটি ভিক্টোরিয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নথিভুক্ত করতে, ২৬ জুলাই ২০২৪ এর মধ্যে স্কুলে একটি তালিকাভুক্তির আবেদন জমা দিন।

## আমি কীভাবে আমার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরে ভর্তি করাবো?

আপনার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরে ভর্তি করতে নিম্নোক্ত পদক্ষেপগুলি নিন:

1. ফাইন্ড মাই স্কুল ওয়েবসাইটে (নীচে দেখুন) আপনার স্থানীয় স্কুলের সন্ধান করুন।
2. একটি স্কুল ট্যুর বুক করতে বা স্কুল এবং ভর্তির আবেদন প্রক্রিয়া সম্পর্কে আরও জানতে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাথে যোগাযোগ করুন।
3. এনরোলিং ইন ফাউন্ডেশন (প্রেপ) থেকে ফাউন্ডেশন (প্রেপে) ভর্তির তথ্য গুচ্ছ থেকে ডাউনলোড করুন। গুচ্ছটি সোমবার 15 এপ্রিল 2024 থেকে পাওয়া যাবে এবং এতে একটি আবেদনপত্র অন্তর্ভুক্ত থাকবে। স্কুল আপনাকে ফর্মটি পূরণ করার জন্য একটি অনুলিপিও প্রদান করতে পারে।
4. **শুক্রবার 26 জুলাই 2024** এর মধ্যে ফাউন্ডেশনের জন্য একটি তালিকাভুক্তির আবেদন জমা দিন।
5. **সোমবার 29 জুলাই এবং শুক্রবার 9 আগস্ট 2024 এর মধ্যে** আপনার আবেদনের ফলাফল সম্পর্কে আপনাকে অবহিত করা হবে। আপনি যদি একটি অফার পান, তাহলে আপনাকে **শুক্রবার 23 আগস্ট 2024 এর মধ্যে** অফারটি গ্রহণ করতে হবে।
6. **টার্ম 4 2024**এ তালিকাভুক্তির তথ্য এবং রূপান্তরের অধিবেশনে অংশ নিন।
7. আপনার সন্তান **29 জানুয়ারী বুধবার 2025** থেকে ফাউন্ডেশন শুরু করবে।

## আমি কিভাবে আমার স্থানীয় স্কুলের সন্ধান পাবো?

নীচের ধাপগুলি অনুসরণ করার মাধ্যমে ফাইন্ড মাই স্কুল ওয়েবসাইটে আপনার স্থানীয় স্কুলের সন্ধান করুন:

1. আপনার ব্রাউজারে findmyschool.vic.gov.au প্রবেশ করুন।
2. 'Enter your address to get started' এর অধীনে আপনার স্থায়ী আবাসিক ঠিকানাটি লিখুন।
3. 'Enrolment year'-এর অধীনে 2025 নির্বাচন করুন। **বিশেষদ্রষ্টব্য:** 2024 সালের টার্ম ১ এর শেষ নাগাদ 2025 এর স্কুল স্থান সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।
4. 'School type'-এর অধীনে প্রাথমিক/প্রাইমারী নির্বাচন করুন।

তখন মানচিত্রটি আপনার ঠিকানা, আপনার স্থানীয় স্কুল এবং বামদিকে স্কুলটিতে যোগাযোগ সংক্রান্ত তথ্য দেখাবে। আপনি নিচের দিকে স্ক্রল করলে, আপনার ঠিকানার সবচেয়ে কাছের পাঁচটি স্কুলও দেখাবে।

এছাড়াও আপনি 'Search for school'-এর অধীনে স্কুলের নাম দিয়ে অনুসন্ধান করতে পারেন।

## আমার সন্তান কি এমন কোনও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আবেদন করতে পারবে যেটি আমাদের স্থানীয় বিদ্যালয় নয়?

হ্যাঁ, আপনি আপনার স্থানীয় স্কুল ছাড়া অন্য স্কুলেও আবেদন করতে পারেন। স্কুলটি আপনার আবেদনটিকে প্লেসমেন্ট নীতিমালার আলোকে এবং আসন সংখ্যার ভিত্তিতে বিবেচনা করবে। স্কুলে নথিভুক্তকরণের পৃষ্ঠায় কীভাবে আবেদনগুলিকে অগ্রাধিকার দেওয়া হয় সে সম্পর্কে আপনি তথ্য পেতে পারেন।

## আমার ভর্তির আবেদন ব্যর্থ হয়েছে এই মর্মে আমি যদি একটি চিঠি পাই, তখন কি করনীয়?

আপনার সন্তানকে অন্য স্কুলে ভর্তির জন্য আপনার আবেদন করা উচিত। আপনার সন্তানের স্থানীয় স্কুলে তার জন্য একটি স্থান নিশ্চিত করা আছে। আপনার সন্তান কোন স্থানীয় স্কুলে যাবে সেটা আবাসিক ঠিকানার ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। আপনার সন্তানের স্থানীয় স্কুল সনাক্ত করতে ফাইন্ড মাই স্কুল পরিদর্শন করুন। স্কুলে ভর্তি পৃষ্ঠাটি আপনাকে ভর্তির জন্য আপনার সন্তানের ঠিকানা নিশ্চিত করতেও সাহায্য করতে পারে।

আপনি সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতেও পারবেন। ফাউন্ডেশনে (প্রেপে) ভর্তি পৃষ্ঠায় ভর্তির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার প্রক্রিয়া সম্পর্কিত তথ্য রয়েছে।

## যদি আমি ভর্তির সময়সীমা অতিক্রম করি, তখন কি হবে?

আপনি 2024 সালের দ্বিতীয় টার্মের যেকোনো সময়ে, 2025 স্কুল বছরের জন্য আপনার সন্তানকে ফাউন্ডেশনে ভর্তি করার জন্য আবেদন করতে পারেন।

আপনাকে 26 জুলাই 2024 শুক্রবারের মধ্যে একটি তালিকাভুক্তির আবেদন জমা দিতে বলা হলেও, এই তারিখের পরের আবেদনগুলি এখনও সেই সমস্ত পরিবারগুলির কাছ থেকে গ্রহণ করা হবে যারা তালিকাভুক্তির সময়সীমা মিস করেছেন, স্থায়ী বাসস্থান স্থানান্তর করেছেন বা নতুন ভিক্টোরিয়ায় এসেছেন।

26 জুলাই 2024 এর পরে জমা দেওয়া ভর্তির আবেদনগুলি স্কুলে জমা হবার পরে বিভাগের প্লেসমেন্ট নীতি অনুসারে কাজ করা হবে।

## আমি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির বিষয়ে আরও তথ্য কোথায় পেতে পারি?

ফাউন্ডেশনে ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি আপনার স্থানীয় প্রাথমিক বিদ্যালয়কে জিজ্ঞাসা করতে পারেন।

টার্ম 2, 2024 এর শুরুতে আপনি ফাউন্ডেশনে ভর্তি প্রক্রিয়ার একটি তথ্য প্যাক পেতে ফাউন্ডেশনে (প্রস্তুতি) তালিকাভুক্তিকরণ পৃষ্ঠায় প্রবেশ করুন।

তথ্যের প্যাকটি অনুবাদ করতে আপনার সাহায্যের প্রয়োজন হলে, অনুগ্রহ করে আপনার স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের সাথে কথা বলুন।

## সাহায্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করবো?

আপনি যে প্রাথমিক বিদ্যালয়ে আবেদন করতে চান সেই বিদ্যালয়ের ট্রানজিশন কো-অর্ডিনেটর, এনরোলমেন্ট অফিসার বা প্রিন্সিপাল আপনাকে ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আপনার যেকোন প্রশ্নে সাহায্য করতে পারেন।

## প্রয়োজনীয় লিঙ্কসমূহ

অনুগ্রহ করে নীচে কিছু দরকারী লিঙ্ক দেয়া আছে যা আপনার জন্য সহায়ক হতে পারে যখন আপনার সন্তান 2025 সালে তার প্রাথমিক বিদ্যালয় শুরু করবে:

ফাইন্ড মাই স্কুল – findmyschool.vic.gov.au

স্কুলের স্থান সম্পর্কে তথ্য – vic.gov.au/school-zones

ভিত্তির (প্রস্তুতি) ভর্তি করা সম্পর্কে জানুন – vic.gov.au/enrolling-foundation-prep

স্কুলে ভর্তি করা – vic.gov.au/how-choose-school-and-enrol

অক্ষমতা/ডিসএবিলিটি এবং সার্বজনীন শিক্ষা – vic.gov.au/disability-and-inclusive-education

আঞ্চলিক অফিসের সাথে যোগাযোগ – vic.gov.au/office-locations-department-education

# 2024-25 এর সময় সীমা

| 2024 তারিখ | কার্যকলাপ |
|---|---|
| **টার্ম 2: সোমবার 15 এপ্রিল 2024 - শুক্রবার 28 জুন 2024** | |
| **টার্ম 1 এবং 2, 2024** | প্রাথমিক বিদ্যালয়গুলি 2025 সালে তাদের সন্তানের জন্য ফাউন্ডেশনে (প্রেপ) তালিকাভুক্তির জন্য পরিবারের জন্য সফর, তথ্য অধিবেশন এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করে। |
| **টার্ম 2, 2024 এর শুরুতে** | 2025 স্কুল বছরের জন্য স্কুলের স্থান সম্পর্কে জানতে চাইলে লাইভ দেখুন findmyschool.vic.gov.au -এ<br>অভিভাবক এবং পরিচর্যাকারীদের 2025 সালের জন্য তাদের মনোনীত এলাকার স্কুল (স্থানীয় স্কুল)খুঁজতে এই সাইটটি findmyschool.vic.gov.au দেখুন।<br>পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তালিকাভুক্তির তথ্য প্যাকটি ভর্তির ফাউন্ডেশন (প্রেপ) থেকে ডাউনলোড করা যাবে। |
| **সপ্তাহ 1, টার্ম 2 2024 থেকে** | প্রাথমিক বিদ্যালয়গুলি সম্ভাব্য পরিবার এবং তাদের স্থানীয় সম্প্রদায়ের মধ্যে তালিকাভুক্তির তথ্য সম্বলিত গুচ্ছগুলি বিতরণ করতে পারে। |
| **সপ্তাহ 1, টার্ম 2, 2024 থেকে** | **তালিকাভুক্তির আবেদন গ্রহণ শুরু** - পিতামাতা এবং পরিচর্যাকারীদের এই তারিখ থেকে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তালিকাভুক্তির একটি সম্পূর্ণ আবেদন জমা দেবেন। |
| **টার্ম 3: সোমবার 15 জুলাই 2024 - শুক্রবার 20 সেপ্টেম্বর 2024** | |
| **শুক্রবার 26 জুলাই 2024 এর মধ্যে** | **তালিকাভুক্তির আবেদনগুলি জমা দেবার তারিখ** - পিতা-মাতা এবং পরিচর্যাকারীরা এই তারিখের মধ্যে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তাদের সম্পূর্ণ তালিকাভুক্তির আবেদন জমা দেবেন। |
| **সোমবার 29 জুলাই এবং শুক্রবার 9 আগস্ট 2024 এর মধ্যে** | বিভাগের নিয়োগ নীতি অনুসারে প্রাথমিক বিদ্যালয়গুলি ফাউন্ডেশনে (প্রেপে) তালিকাভুক্তির ফলাফল লিখিতভাবে পিতামাতা এবং পরিচর্যাকারীদের অবহিত করে। এর মধ্যে অফার গ্রহণের একটি চিঠি, তালিকাভুক্তি নিশ্চিয়তার একটি চিঠি বা একটি ব্যর্থ আবেদনপত্র অন্তর্ভুক্ত থাকতে পারে।<br>যেসব পিতা-মাতা এবং পরিচর্যাকারীগণের আবেদন সফল হয়নি, তারা প্রাথমিক বিদ্যালয়ে কাছে লিখিত আপিলের কাজটি এ সময়ে শুরু করতে পারেন। |
| **শুক্রবার 23 আগস্ট 2024 এর মধ্যে** | যেসব পিতামাতা/পরিচর্যাকারীগণকে অফার লেটার পাঠানো হবে তাতে প্রস্তাবিত আসনটি নিশ্চিত করার তারিখ উল্লেখিত থাকবে। |
| **শুক্রবার 23 আগস্ট 2024 এর মধ্যে** | প্রাথমিক বিদ্যালয়ে লিখিত আপিল জমা দেওয়ার জন্য অভিভাবক এবং পরিচর্যাকারীদের জন্য **শেষ তারিখ**। |
| **শুক্রবার 6 সেপ্টেম্বর 2024 এর মধ্যে** | প্রাথমিক বিদ্যালয়গুলি এই তারিখের মধ্যে সকল পিতা-মাতা/পরিচর্যাকারীগণকে, লিখিতভাবে, তাদের ফলাফল জানিয়ে দিবে। |
| **শুক্রবার 20 সেপ্টেম্বর 2024 এর মধ্যে** | প্রাথমিক বিদ্যালয়ে তাদের আবেদন ব্যর্থ হবার পরে অভিভাবক এবং পরিচর্যাকারীদের সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কাছে একটি লিখিত আপিল জমা দেওয়ার **শেষ তারিখ**। |
| **মেয়াদ 4: সোমবার 7 অক্টোবর 2024 - শুক্রবার 20 ডিসেম্বর 2024** | |
| **টার্ম 4, 2024 চলাকালীন সময়ে** | প্রাথমিক বিদ্যালয়গুলি রূপান্তর অধিবেশনের আয়োজন করে। |
| **শুক্রবার 1 নভেম্বর 2024 এর মধ্যে** | অঞ্চলগুলি এই তারিখের মধ্যে আঞ্চলিক পরিচালকের কাছে আপিলের ফলাফল লিখিতভাবে সকল পিতামাতা এবং পরিচর্যাকারীগণকে অবহিত করে। এটি শুধুমাত্র শুক্রবার 20 অক্টোবর 2024 তারিখের মধ্যে প্রাপ্ত আপিলের ক্ষেত্রে প্রযোজ্য। |